DEC. 27 2001

দৈনিক ইনকিলাব

তারিখ ...
পৃষ্ঠা ১৬ কলাম ৪

# আজ থেকে রাজধানীর মাধ্যমিক স্কুলে ভর্তি পরীক্ষা শুরু

ইনকিলাব রিপোর্ট ঃ ভিকারুননিসা নূন স্কুলে আজ (বৃহস্পতিবার) থেকে ৩ দিনব্যাপী ভর্তি পরীক্ষা শুরুর মাধ্যমে রাজধানীতে মাধ্যমিক স্কুলে ভর্তিযুদ্ধের সূচনা হবে।

আজ, কাল ও পরশু ভিকারুননিসা নূন স্কুলের উভয় শাখার প্রথম শ্রেণীতে প্রায় ৭০০ সীটের বিপরীতে এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, ভর্তি পরীক্ষায় অংশ নিতে সাড়ে ৪ হাজারের মত ভর্তি ফরম বিক্রি হয়েছে। প্রতিদিন কমবেশী ১৫০০ ছাত্রী ভর্তি পরীক্ষায় অংশ নেবে। সকাল ৯টায় ভর্তি পরীক্ষা শুরু হবে।

এ ভর্তি পরীক্ষা নিয়ে অভিভাবক এবং কোচিং সেন্টারসমূহ দারুণ উদ্বেগ ও উৎকণ্ঠার মধ্যে সময় অতিবাহিত করছে। অভিভাবকদের উৎকণ্ঠা ভর্তি পরীক্ষায় সফলতার প্রশ্নে হলেও কোচিং সেন্টারসমূহের উৎকণ্ঠা মূলত ব্যবসায়িক।

৭-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## স্কুলে ভর্তি পরীক্ষা

৮-এর পৃষ্ঠার পর

যে কোচিং সেন্টার থেকে যত বেশী ছাত্রী ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হবে আগামী বছরের কোচিং ব্যবসা তত ভাল জমবে।

উল্লেখ্য, ভিকারুননিসা নূন স্কুলে যারা ভর্তি পরীক্ষায় অংশ নেবে তাদের প্রায় অধিকাংশই কোন না কোন কোচিং সেন্টারে হাজার হাজার টাকার বিনিময়ে গত ৬/৭ মাস ভর্তি কোচিং করেছে। কিন্তু ভর্তি পরীক্ষায় উত্তীর্ণের বিষয়ে কেউই নিশ্চিত নয়। তাই অভিভাবকগণ একাধিক ভাল স্কুল থেকে ভর্তি ফরম সংগ্রহ করেছে। ভিকারুননিসা নূন স্কুলে আজ, কাল ও পরশু ভর্তি পরীক্ষার পর ৪ জানুয়ারী থেকে আইডিয়াল স্কুলে ভর্তি পরীক্ষা শুরু হবে।

সরকারী স্কুলসমূহে ভর্তি পরীক্ষা হবে আগামী ৮, ১০ ও ১২ জানুয়ারী। রাজধানীর ২৪টি সরকারী স্কুলকে এ, বি ও সি গ্রুপে ভাগ করে প্রথম দিনে 'এ' গ্রুপের, দ্বিতীয় দিনে 'বি' গ্রুপের এবং তৃতীয় দিনে 'সি' গ্রুপের স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। উল্লেখিত তিনদিনের মাঝে ৯ ও ১১ জানুয়ারী আইডিয়াল স্কুলে ভর্তি পরীক্ষা হবে। রাজধানীর দ্বিতীয় কাতারের স্কুলগুলোতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৪ জানুয়ারী থেকে। ভর্তি পরীক্ষার জন্য সরকারী স্কুলসহ বেসরকারী স্কুলসমূহে ভর্তি ফরম বিতরণ অব্যাহত রয়েছে।

উল্লেখ্য, রাজধানীর ধানমণ্ডি, গুলশান ও উত্তরাকেন্দ্রিক নামী-দামী ইংরেজী মাধ্যমের স্কুলগুলোতে ভর্তি কার্যক্রম ইতোমধ্যেই প্রায় সম্পন্ন হয়েছে।